


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

[আইন-২ অধিশাখা]

www.lgd.gov.bd



স্মারক নং- ৪৬.০২১.০০৪.০১.০০.০০৬.২০১৭-৪০

তারিখঃ ১৩ জুলাই ২০১৭
২৯ আষাঢ় ১৪২৪

বিষয়ঃ রীট পিটিশন নং-৯৬৮২/২০১৪, বাদী জনাব মোঃ সুলতান মাহমুদ সহকারী প্রকৌশলী, ঢাকা বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সহ ৫৪ জন - বনাম - সরকার ও অন্যান্য।

সূত্রঃ বিজ্ঞ আইনজীবী জনাব মোঃ সালাহউদ্দিন দোলন এর ১৭ জুন ২০১৭ তারিখের লিগ্যাল নোটিশ (Notice Demanding Justice)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে কর্মরত নন-ক্যাডার সহকারী প্রকৌশলীদের জ্যেষ্ঠতা নির্ধারণ এবং নতুন নিয়োগে নন-ক্যাডার সহকারী প্রকৌশলীদের জন্য ৫০% কোটা সংরক্ষণ বিষয়ে সরকারের বিপক্ষে আনীত ৯৬৮২/২০১৪ নং রীট পিটিশনে হাইকোর্ট বিভাগ শুনানী অন্তঃ রায় এবং আদেশ দিয়েছেন মর্মে লিগ্যাল নোটিশে উল্লেখ করা হয়েছে। আরও উল্লেখ করা হয়েছে যে, বিস্তারিত রায় ও আদেশ হাইকোর্ট বিভাগের সংশ্লিষ্ট বেঞ্চে স্বাক্ষরের অপেক্ষায় আছে। লিগ্যাল নোটিশের ভাষ্যমতে, ইতিমধ্যে অর্থ মন্ত্রণালয়ের ৮ জুন ২০১৭ তারিখের একপত্রের দফা ১০ এ উল্লেখ করা হয়েছে যে, "to the effect that those newly scheduled posts would be filled up only by the Cadre-officers." শর্তটি হাইকোর্ট বিভাগের রায়ের পরিপন্থী উল্লেখ করে ৭ দিনের মধ্যে সেটি বাতিলের জন্য লিগ্যাল নোটিশে দাবী করা হয়েছে। অন্যথায় নতুন রীট/কন্টেম্পট পিটিশন দায়ের করা হবে বলে জানানো হয়েছে।

২. এমতাবস্থায়, লিগ্যাল নোটিশের আলোকে সরকারের স্বার্থ সংরক্ষণ পূর্বক সরকার পক্ষের বক্তব্য বা, দফাওয়ারী জবাব (Statement of Facts-SF) এবং প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্র প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হল।

সংযুক্তঃ লিগ্যাল নোটিশের কপি ৪(চার) ফর্দ।

(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব

ফোনঃ +৮৮০২-৯৫৪০১৯৭

e-Mail: dslaw2.lgd.gov@gmail.com

প্রধান প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কাকরাইল, ঢাকা

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (পাঃসঃ), স্থানীয় সরকার বিভাগ (দফাওয়ারী জবাব সংগ্রহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)।
২. উপসচিব (পাঃসঃ-১), স্থানীয় সরকার বিভাগ (দফাওয়ারী জবাব সংগ্রহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ✓ ৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/মাস্টার কপি।